গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
সরকারি যানবাহন অধিদপ্তর
সচিবালয় লিংক রোড, ঢাকা
www.dgt.gov.bd

## শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে সরকারি যানবাহন অধিদপ্তরের নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি: | জনাব মোঃ মিজানুর রহমান, পরিবহন কমিশনার(অতিরিক্ত সচিব), সরকারি যানবাহন অধিদপ্তর, ঢাকা। |
| সভার তারিখ: | ২৬/০৮/২০২০ |
| সভার সময়: | বেলা ১১.৩০ ঘটিকা |
| স্থান: | সভাকক্ষ, সরকারি যানবাহন অধিদপ্তর, ঢাকা। |
| উপস্থিত কমচারীবৃন্দ: | পরিশিষ্ট-ক |

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভায় কমিটির সদস্য সচিব বেগম নার্গিস পারভীন জানান যে, জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে এ অধিদপ্তরকে প্রতি তিন মাস অন্তর বছরে চারবার জনপ্রশাসন মন্ত্রণালয়ের নৈতিকতা কমিটির সভায় উপস্থাপনের নিমিত্ত ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন প্রেরণ করতে হয়। সে লক্ষ্যে প্রথম প্রান্তিকের (জুন/২০-সেপ্টেম্বর/২০) ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন প্রেরণ করা আবশ্যক। সভায় নিম্নবর্ণিত বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়ঃ

| ক্রম | বিষয় | বিষয়/গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১. | নৈতিকতা কমিটির সভা | প্রথম কোয়ার্টারে একটি সভা করতে হবে। ইতোপূর্বে ১৬/০৭/২০ তারিখে নৈতিকতা কমিটির একটি সভা অনুষ্ঠিত হয়েছে। | বেগম নার্গিস পারভীন, উপসচিব<br>জনাব গাউসুল আজম। |
| ২. | অংশীজনের অংশগ্রহণে সভা। | শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২০-২১ অনুযায়ী অংশীজনের অংশগ্রহণে ০২টি সভা করতে হবে।<br>সিদ্ধান্তঃ সরকারি যানবাহন অধিদপ্তরে মালামাল সরবরাহকারীদের নিয়ে ডিসেম্বরের প্রথম সপ্তাহে অংশীজনের অংশগ্রহণে একটি সভা করতে হবে। | বেগম নার্গিস পারভীন, উপসচিব<br>গাউসুল আজম,<br>অফিস সহকারী |
| ৩. | প্রশিক্ষণ | মানবসম্পদ উন্নয়নের জন্য প্রত্যেক কর্মচারীকে বছরে ৫০ঘন্টা প্রশিক্ষণ।<br>(ক) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবন আদর্শ প্রশিক্ষণে অনর্ভুক্তকরণ;<br>(খ) মাননীয় প্রধানমন্ত্রীর বিশেষ উদ্যোগ আলোচনা;<br>(গ) ১৭-২০ গ্রেডের ৪০ জন কর্মচারীকে ৫০ ঘন্টা প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে মডিউল জনপ্রশাসন মন্ত্রণালয়ে অনুমোদনের জন্য প্রেরণ করা হয়েছে;<br>সিদ্ধান্তঃ কর্মচারীদের ৫০ ঘন্টা প্রশিক্ষণ নিশ্চিত করতে হবে। | পরিচালক (সড়ক/নৌ)<br>ব্যবস্থাপক, সরকারি যানবাহন মেরামত কারখানা<br>বেগম নার্গিস পারভীন, উপসচিব<br>মোঃ নুরুল ইসলাম, উচ্চমান সহকারী<br>গাউসুল আজম, অফিস সহকারী |
| ৪. | আইন/বিধি/ নীতিমালা | (ক) সরকারি যানবাহন (ব্যবহার নিয়ন্ত্রণ) আইন, ২০১৫, যানবাহন ব্যবহার সংক্রান্ত অন্যান্য বিধান ও মোটরযান, নৌযান, কম্পিউটার ও অফিসে ব্যবহৃত অন্যান্য যন্ত্রপাতি অকেজো ঘোষণাকরণ ও নিস্পত্তির নীতিমালা বাস্তবায়ন। | সংশ্লিষ্ট সকল শাখা। |
| ৫. | সেবা সংক্রান্ত টোল ফ্রি নম্বর | সেবা সহজীকরণের জন্য এই অধিদপ্তরে একটি টোল ফ্রি নম্বর প্রয়োজন। টোল ফ্রি নম্বর সরবরাহের জন্য ২৩/০৮/২০২০ তারিখ ব্যবস্থাপনা পরিচালক(বিটিসিএল) বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।<br>সিদ্ধান্তঃ বিটিসিএল এর সাথে যোগাযোগ রাখতে হবে। | পরিচালক(নৌ)<br>বেগম নার্গিস পারভীন, উপসচিব। |
| ৬. | শুদ্ধাচার সেবাবক্স হালনাগাদকরণ | শুদ্ধাচার সেবাবক্স নিয়মিত হালনাগাদকরণ।<br>সিদ্ধান্তঃ<br>প্রত্যেক মাসের শেষ সপ্তাহে সেবাবক্স হালনাগাদ তথ্য রিপোর্ট প্রদান করতে হবে। | জনাব এরশাদ হোসেন খান, উপসচিব<br>" মোঃ রাজিব হোসেন, পিএ টু টিসি<br>" গাউসুল আজম, অফিস সহকারী<br>" শহিদুল ইসলাম, "<br>" কাউসার আহমেদ ভূইয়া, " |
| ৭. | তথ্য অধিকার সেবাবক্স হালনাগাদকরণ | তথ্য অধিকার সেবাবক্স নিয়মিত হালনাগাদকরণ।<br>সিদ্ধান্তঃ<br>প্রত্যেক সপ্তাহের প্রতি বুধবার সেবাবক্স হালনাগাদ সংক্রান্ত রিপোর্ট প্রদান করতে হবে। | জনাব এরশাদ হোসেন খান, উপসচিব<br>" নার্গিস পারভীন, উপসচিব<br>" গাউসুল আজম, অ/সহকারী<br>" শহিদুল ইসলাম, "<br>" কাউসার আহমেদ ভূইয়া, " |
| ৮. | অভিযোগ প্রতিকার ব্যবস্থা সেবাবক্স হালনাগাদকরণ | অভিযোগ প্রতিকার ব্যবস্থা সেবাবক্স নিয়মিত হালনাগাদকরণ।<br>সিদ্ধান্তঃ প্রত্যেক মাসে অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত সেবাবক্স হালনাগাদ এর রিপোর্ট প্রদান করতে হবে। | উপপরিচালক<br>কাউসার আহমেদ ভূঁইয়া, অফিস সহকারী। |

চলমান পাতা-০২

| | | | |
|---|---|---|---|
| ৯. | স্ব প্রণোদিত তথ্য ওয়েবসাইটে প্রকাশ | স্ব-প্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্য হালনাগাদকরণ ওয়েবসাইটে প্রকাশ।<br>সিদ্ধান্তঃ স্ব প্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্য হালনাগাদ করে ওয়েবসাইটে আপলোড করতে হবে। | জনাব এরশাদ হোসেন খান, উপসচিব |
| ১০. | উত্তম চর্চার তালিকা | উত্তম চর্চা তালিকার প্রণয়ন করে ১৮/০৮/২০ তারিখে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে এবং ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। পরিস্কার-পরিচ্ছন্নকাজ নিয়মিত মনিটরিং।<br>সিদ্ধান্তঃ পরিস্কার-পরিচ্ছন্নকাজ নিয়মিত মনিটরিং করতে হবে। | পরিচালক(সড়ক/নৌ)<br>ব্যবস্থাপক |
| ১১. | অভিযোগ নিষ্পত্তিকরণ | অনলাইনে এ বছর কোন অভিযোগ পাওয়া যায়নি।<br>সিদ্ধান্তঃ অনলাইনে কোন অভিযোগ পাওয়া গেলে অনলাইনে তা নিষ্পত্তি করতে হবে। | পরিচালক(সড়ক)<br>উপ পরিচালক |
| ১২. | ক্রয়-পরিকল্পনা | পিপিএ ২০০৬-এর ধারা ১১(২) ও পিপিআর ২০০৮-এর বিধি ১৬(৬) অনুযায়ী ২০২০-২১ অর্থ বছরের ক্রয় পরিকল্পনা প্রস্তুতপূর্বক ওয়েব সাইটে আপলোডকরণ।<br>সিদ্ধান্তঃ ৩০/০৯/২০২০ তারিখের মধ্যে ওয়েব সাইটে আপলোড করতে হবে। | হিসাবরক্ষণ কর্মকর্তা<br>জনাব কনক চক্রবর্তী, হিসাব সহকারী |
| ১৩. | সেবা প্রদান প্রতিশ্রুতি(সিটিজেন্স চার্টার) প্রণয়ন ও বাস্তবায়ন | স্ব স্ব সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) প্রণয়ন ও বাস্তবায়ন এর জন্য কমিটি গঠন করা হয়েছে।<br>সিদ্ধান্তঃ কমিটি সিটিজেন চার্টার বাস্তবায়ন করবেন। | পরিচালক(নৌ)<br>সংশ্লিষ্ট কমিটি |
| ১৪. | শাখা-অধিশাখা ও আওতাধীন কার্যালয় পরিদর্শন | শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী প্রথম কোয়ার্টারে ৩টি পরিদর্শন করতে হবে।<br>সিদ্ধান্তঃ শাখাসমূহ নিয়মিত পরিদর্শন করতে হবে এবং পরিদর্শন প্রতিবেদন প্রেরণ করতে হবে পরিদর্শনের সুপারিশ বাস্তবায়ন করতে হবে। | পরিবহন কমিশনার<br>পরিচালক(নৌ)<br>ব্যবস্থাপক<br>প্রশাসনিক কর্মকর্তা<br>হিসাবরক্ষণ কর্মকর্তা |
| ১৫. | নথির শ্রেণী বিন্যাস ও বিনষ্টকরণ | সচিবালয় নির্দেশমালা-২০১৪ অনুযায়ী নথির শ্রেনী বিন্যাসকরণ এবং নথি বিনষ্টকরণ।<br>সিদ্ধান্তঃ নথির শ্রেনি বিন্যাস কার্যক্রম অব্যাহত রাখতে হবে এবং বিন্যাসকৃত নথি বিনষ্টের জন্য কমিটি গঠন ও নথি বিনষ্টের জন্য দ্রুত পদক্ষেপ নিতে হবে। | পরিচালক(সড়ক/নৌ)<br>ব্যবস্থাপক<br>প্রশাসনিক কর্মকর্তা<br>সকল শাখা প্রধানগণ |
| ১৬. | গণশুনানী | প্রাতিষ্ঠানিক গণশুনানীর আয়োজন।<br>সিদ্ধান্তঃ সেপ্টেম্বরের দ্বিতীয় সপ্তাহে প্রাতিষ্ঠানিক গণশুনানীর আয়োজন করতে হবে। | উপসচিব(সংযুক্ত)। |
| ১৭. | মাসিক সেরা কর্মচারীও সেরা পরিচ্ছন্নতাকর্মি পুরস্কার | সরকারি যানবাহন অধিদপ্তরের মাসিক সেরা কর্মচারী নির্বাচন ও পুরস্কৃতকরণ<br>সিদ্ধান্তঃ নিয়মিতভাবে মাসিক সেরা কর্মচারী নির্বাচন এবং পুরস্কৃত করতে হবে | উপসচিব(সংযুক্ত)।<br>সংশ্লিষ্ট কমিট্ |
| ১৮. | সেমিনার | মুজিববর্ষ উপলক্ষ্যে সেমিনার-এর আয়োজন।<br>সিদ্ধান্তঃ জানুয়ারী/২১-এ সেমিনারের আয়োজন করতে হবে। | পরিচালক(নৌ)<br>বেগম নার্গিস পারভীন, উপসচিব<br>গাউসুল আজম |
| ১৯. | শুদ্ধাচার পুরস্কার প্রদান | এ অধিদপ্তরের শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক ১২/১২/২০১৯ তারিখ অনুমোদন করা হয়েছে।<br>সিদ্ধান্তঃ শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২০-২১ এর কার্যক্রম ১০.১ এবং শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা অনুযায়ী ১৫/০৬/২০২১ তারিখের মধ্যে পুরস্কার প্রদান নিশ্চিত করতে হবে। | পরিচালক(সড়ক/নৌ)<br>ব্যবস্থাপক<br>হিসাবরক্ষণ কর্মকর্তা |

চলমান পাতা-০৩

| | | | |
|---|---|---|---|
| ২০. | কর্ম-পরিবেশ উন্নয়ন | স্বাস্থ্য বিধি অনুসরণ করে টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল বিনষ্টকরণ/পরিস্কার পরিচ্ছন্নতা বৃদ্ধি ডিসেম্বর/২০ এর মধ্যে ২০% করতে হবে।<br>সিদ্ধান্তঃ নির্ধারিত তারিখের পূর্বেই সম্পন্ন করতে হবে। | পরিচালক(সড়ক/নৌ)<br>ব্যবস্থাপক<br>সকল শাখা প্রধান। |

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২১ এর প্রথম কোয়ার্টারের(জুন-সেপ্টেম্বর) লক্ষ্যমাত্রা অর্জনে সকলকে আরো তৎপর ও আন্তরিক হতে হবে। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৬.০৮.2020
(মোঃ মিজানুর রহমান)
পরিবহন কমিশনার(অতিরিক্ত সচিব)
সরকারি যানবাহন অধিদপ্তর, ঢাকা।

স্মারক নং-০৫.০৩.০০০০.০০৫.২৯.০৩৭.২০-২৫০ তারিখ:২৭/০৮/২০২০

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যাথে:

১। পরিচালক(সড়ক/নৌ), সরকারি যানবাহন অধিদপ্তর, ঢাকা।
২। উপসচিব(সংযুক্ত), সরকারি যানবাহন অধিদপ্তর, ঢাকা।
৩। ব্যবস্থাপক, সরকারি যানবাহন মেরামত কারখানা, ঢাকা।
৪। উপপরিচালক, সরকারি যানবাহন অধিদপ্তর, ঢাকা।
৫। সিনিয়র সহকারী সচিব(সংযুক্ত), সরকারি যানবাহন অধিদপ্তর, ঢাকা।
৬। সহকারী পরিচালক, সরকারি যানবাহন অধিদপ্তর, ঢাকা।
৭। প্রশাসনিক কর্মকর্তা, সরকারি যানবাহন অধিদপ্তর, ঢাকা।
৮। হিসাবরক্ষণ কর্মকর্তা, সরকারি যানবাহন অধিদপ্তর, ঢাকা।
৯। পরিবহন অফিসার, সরকারি যানবাহন অধিদপ্তর, ঢাকা।
১০। পিএ টু পরিবহন কমিশনার, সরকারি যানবাহন অধিদপ্তর, ঢাকা।

27/08/2020
(নার্গিস পারভীন)
উপসচিব
সরকারি যানবাহন অধিদপ্তর, ঢাকা।